ইরানের সঙ্গে স্থায়ী চুক্তি করতে চান ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

ইরান যেন ভবিষ্যতে পারমাণবিক অস্ত্র তৈরি করতে না পারে, সে জন্য দেশটির সঙ্গে স্থায়ী চুক্তি করতে চান যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তাঁর চাওয়া, আগামী চার বছর কিংবা ১৫-২০ বছর পর যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট পরিবর্তন হলেও চুক্তি যেন বহাল থাকে।

শনিবার (২১ নভেম্বর) ফক্স নিউজকে টেলিফোনে দেওয়া সাক্ষাৎকারে এ কথা বলেন ট্রাম্প।

তিনি বলেন, এমন চুক্তি চান, যা দীর্ঘদিন কার্যকর থাকবে। ভবিষ্যতে কোনো অযোগ্য প্রেসিডেন্ট ক্ষমতায় এলেও যেন ইরানকে পারমাণবিক অস্ত্র তৈরির সুযোগ দেওয়া না হয়।

ইরানের বর্তমান শাসকগোষ্ঠী নিয়েও খুব একটা আগ্রহ নেই বলে জানান ট্রাম্প। তাঁর দাবি, তিনি ইতোমধ্যে দুটি শাসনব্যবস্থার পতন ঘটিয়েছেন। তবে কোন দুটি শাসনব্যবস্থার কথা বলেছেন, তা জানাননি।

২০২৬ সালের ফেব্রুয়ারিতে ইরানে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যুদ্ধের প্রথম দফার হামলায় দেশটির সাবেক সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলি খামেনি নিহত হন। এরপর তাঁর ছেলে মোজতবা খামেনি সর্বোচ্চ নেতার দায়িত্ব নেন।

ইরানের সঙ্গে সমঝোতায় পৌঁছানো কঠিন বলেও মন্তব্য করেন ট্রাম্প। তিনি বলেন, ইরানি কর্মকর্তাদের সঙ্গে চুক্তি করা খুব কঠিন। একটি চুক্তি করার পরদিনই তারা তা ভেঙে ফেলে।